মুজিবনগরে ৫ গ্রাম হেরোইনসহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে মাদকবিরোধী অভিযানে পাঁচ গ্রাম হেরোইন সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

মুজিবনগর থানাধীন আনন্দবাস গ্রামস্থ মুড়োতলা মাঠ এলাকা থেকে হেরোইন বিক্রয়ের উদ্দেশ্যে কিছু মাদক ব্যবসায়ী অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার রাত সাড়ে ৯ টার দিকে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল এর নেতৃত্বে এসআই প্রহলাদ রায়, এস আই সাহেব আলী, এএসআই শিহাব, এএসআই আলী শেখ সঙ্গীয় ফোর্সের সহায়তায় মুজিবনগর থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে গ্রাম ৫ গ্রাস হেরোইন সহ আনন্দবাস গ্রামের আনারুল ইসলামের ছেলে সুমন মিয়া এবং চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার গতিয়ার পাড়া গ্রামের হেকমত আলীর ছেলে আব্বাস আলী কে আটক করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান মুজিবনগর উপজেলা কে মাদকমুক্ত করতে মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়েছে শুক্রবার তাদের নামে ৫/১১০ তাং১৬/১০/২২ধারা এবং ২০১৮ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ৮(ক) মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে। এছাড়া ওয়ারেন্ট ভুক্ত আসামিকেও আটক করা হয়েছে।

মুজিবনগরে বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

“বর্জ্যের পরিশোধন নিশ্চিত হবে টেকসই স্যানিটেশন”হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক হই”এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে উপজেলা প্রশাসন ও জনস্বাস্থ্য প্রকৌশল

অধিদপ্তর এর আয়োজনে, পালিত হয়েছে “জাতীয় স্যানিটেশন মাস “বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২।

দিবসটি উদযাপন উপলক্ষে বৃহস্পতিবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ প্রাঙ্গন থেকে একটি র্যালী বের হয়ে বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই জায়গায় গিয়ে শেষ হয়।

র্যালীতে অংশগ্রহণ করেন, উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্সসহ উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারী এবং মুজিবনগর মডেল প্রাথমিক বিদ্যালয় শিক্ষার্থীবৃন্দ। সেখানে সঠিক পদ্ধতিতে হাত হাত ধৌত করার মাধ্যমে দিবসটির উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস ও উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

পরে উপজেলা পরিষদ অডিটোরিয়াম “জাতীয় স্যানিটেশন মাস “বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২ উপলক্ষর উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে নানা আয়োজনে শেখ রাসেল দিবস উদযাপিত

“শেখ রাসেল, নির্মলতার প্রতীক দুরন্ত প্রাণবন্ত নির্ভীক” ১৮ অক্টোবর মঙ্গলবার মুজিবনগর উপজেলা প্রশাসন কর্তৃক বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে সকাল সাড়ে ৯ টায় উপজেলা চত্বর স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা আওয়ামী লীগ সহ বিভিন্ন অঙ্গ সংগঠনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়।

পুষ্পস্তবক অর্পণ শেষে,উপজেলা পরিষদ চত্তর থেকে উপজেলা

চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস এর নেতৃত্বে, একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি উপজেলার প্রধান প্রধান সড়ক পরিদর্শন শেষে পরিষদ চত্তরে এসে শেষ হয়।

শোভাযাত্রায় উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেস বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, উপজেলা কৃষি অফিসার মাহফুজুর রহমান, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। এছাড়াও উপজেলার বিভিন্ন দপ্তরের অফিসার বৃন্দ, বিভিন্ন স্কুলের শিক্ষার্থী গন সহ বিভিন্ন পেশাজীবীরা উপস্থিত ছিলেন।

র্যালি শেষে উপজেলা পরিষদ হলরুমে শেখ রাসেল দিবস উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসে সভাপতিত্বে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জীবনের উপরে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দিবসটি পালন উপলক্ষে অনুষ্ঠান মালা ছিলো মুজিবনগর উপজেলা পরিষদ চত্তরে স্হাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন,শোভাযাত্রা,শেখ রাসেলের জীবনের ওপরে আলোচনা,বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে চিত্রাঙ্কন প্রতিযোগিতা,কেক কাটাসহ দিনভর নানা কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি পালন করা হচ্ছে।

মুজিবনগরে দুই চাঁদাবাজ আটক

মেহেরপুরের মুজিবনগরে প্রশাসনের লোক পরিচয় দিয়ে চাঁদাবাজির সময় দুই চাঁদাবাজকে আটক করে পুলিশে দিয়েছে জন সাধারণ।

স্থানীয় জনগণ ও পুলিশ সূত্রে জানা গেছে, মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের রহমান শেখের ছেলে শাকিল শেখ (২৬) এবং ভবানীপুর গ্রামের

আরমান আলীর ছেলে হাসিব (১৯) সোমবার বেলা ১০ টার সময় উপজেলার রামনগর গ্রামের শহিদুল মল্লিকের ছেলে সুমন মল্লিক এর বাড়িতে গিয়ে নিজেদেরকে প্রশাসনের লোক বলে পরিচয় দেয় এবং থানায় মামলা আছে এই মর্মে মিথ্যে কথা বলে ভয়-ভীতি দেখিয়ে ২০ হাজার টাকা চাঁদা দাবি করে।

এ সময় সুমন মল্লিক বিকেলে টাকা দেওয়ার কথা বললে তারা পুনরায় বিকেল পাঁচটার দিকে সুমন মল্লিকের বাড়িতে এসে মামলা হতে বাঁচানোর কথা বলে দাবি কৃত ২০ হাজার টাকা পরিশোধ করতে বলে। এ সময় স্থানীয় জনতা তাদেরকে আটক করে থানায় সংবাদ দেয় পরে পুলিশ এসে তাদেরকে আটক করে থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল ঘটনার সত্যতা স্বীকার করে জানান,

প্রশাসনের লোক পরিচয় দিয়ে চাঁদাবাজির সময় সাধারণ জনগণ তাদের আটক করে মুজিবনগর থানায় খবর দিলে পুলিশ তাদের আটক করে থানায় নিয়ে আসে। তাদের বিরুদ্ধে চাঁদাবাজি ধারায় মামলা প্রক্রিয়াধীন আছে।

মুজিবনগরে খামারীদের মাঝে অনুদান সহায়তা প্রদান

‘নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন’ শীর্ষক ভ্যালুচেইন উপ-প্রকল্পের আওতায়, গাভীকে রসালো ঘাস খাওয়ানোর জন্য খামারীদের মাঝে অনুদান সহায়তা প্রদান করেছে ওয়েভ ফাউন্ডেশন মুজিবনগর।

সোমবার সকাল সাড়ে ১১ টার দিকে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ইফাদ ড্যানিডা এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় এবং ওয়েভ ফাউন্ডেশন এর বাস্তবায়নে,মুজিবনগর অফিস হল রুমে সংক্ষিপ্ত আলোচনা শেষে উপজেলার ১৭ জন খামারির মাঝে ৫ হাজার টাকা করে গাভীকে রসালো ঘাস খাওয়ানোর জন্য অনুদান প্রদান করা হয়।

ওয়েব ফাউন্ডেশনের প্রকল্প ব্যবস্থাপক কৃষিবিদ আব্দুল বারী

উপস্থিত থেকে এসব অনুদান বিতরণ করেন। এ সময় খামারিদের মাঝে গাভী পালন এবং গাভীকে রসালো ঘাস খাওয়ানোর উপকারিতা সম্পর্কে আলোচনা করেন, ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কৃষিবিদ সাজেদুল হক।

সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর আশরাফুল হক এর সঞ্চালনায়, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ওয়েব ফাউন্ডেশন মুজিবনগর অফিস ষ্টাফ আরোজ আলী আব্বাস আলী আজিজুল হক সালাম ও রহমান সহ উপজেলার খামারিবৃন্দ

মুজিবনগর প্রেসক্লাবে স্বতন্ত্র প্রার্থী গোলাম রসুলের মতবিনিময়

১৭ অক্টোবর মেহেরপুর জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে মুজিবনগর প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী গোলাম রসুল।

বৃহস্পতিবার সকাল ১১টার সময় জেলা পরিষদ ডাকবাংলো সূর্যদয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় কালে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী গোলাম রসুল বলেন, তৃণমূল থেকে নির্বাচিত জনপ্রতিনিধি দ্বারা নির্বাচিত হবে জেলা পরিষদ চেয়ারম্যান। অন্যান্য নির্বাচনের তুলনায় এবার নির্বাচন হবে একটু ভিন্ন আঙ্গিকে। ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) পদ্ধতিতে ভোট গ্রহন করা হবে। জেলার তিন উপজেলায় তিনটি কেন্দ্ৰ স্থাপন করা হবে এবং প্রতিটি কেন্দ্রে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হবে। ফলে ভোট কারচুপি করার কোন সুযোগ নেই। এবং ভোটারদের ভয় পাওয়া বা সংকোচ প্রকাশের কনো কারণ নেই।

এসয়য় তিনি আরো বলেন, অন্যান্য ভোটে বাংলাদেশ আওয়ামী লীগ দলীয় মনোনয়ন দিয়ে নৌকা প্রতীক দিয়েছেন । কিন্তু জেলা পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন দিলেও নৌকা প্রতীক দেয়নি। ফলে সকলেই

জেলা পরিষদ নির্বাচনে অংশ গ্রহন করতে পারছেন।

আমি দলীয় শৃংখলার মধ্য দিয়েই আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে নিয়ে নির্বাচনে অংশ গ্রহন করেছি। এবারের নির্বাচন অবাধ সুষ্ঠু নিরেপেক্ষ হবে এমন প্রত্যাশা রেখে ভোটারদের অভয় দেয়ার জন্য কাউন্সিল করার আহবান জানান নির্বাচন কমিশনের প্রতি। নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ হলে তার বিজয় নিশ্চিত বলেও আশা প্রকাশ করেন তিনি।

মতবিনিময় সভায় মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসী ওমর ফারুক প্রিন্স,সাধারণ সম্পাদক শেখ শফি,সাংগঠনিক সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান,অর্থ সম্পাদক উজ্বলসহ সকল সদস্যবৃন্দ ও বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

র্যালী আলোচনা সভা ও মহড়ার মধ্য দিয়ে মুজিবনগরের পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস।

“দুর্যোগে আগাম সতর্কবার্তা, সবার জন্য কার্যব্যবস্থা’ এই প্রতিপাদ্যে কে সামনে রেখে বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় মুজিবনগর উপজেলায় পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস। দুর্যোগের ঝুঁকি কমাতে জনগণ ও সংশ্লিষ্টদের সচেতনতা বাড়াতেই সরকারের এই উদ্যোগ।

এ উপলক্ষ্যে উপজেলা প্রশাসনের আয়োজনে ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তত্ত্বাবধানে এ মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র ছত্রীদের নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয় এবং উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স এর ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক মহড়া প্রদর্শিত হয়।

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস। উপজেলা নির্বাহী অনিমেস বিশ্বাসের এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা ফায়ার ব্রিগেড সিভিল ডিফেন্স কর্মকর্তা শাজাহান ও মোস্তাফিজুর মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আলী হোসেন সহ স্কুলের ছাত্রছাত্রীবৃন্দ এসময় সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সাংবাদিক, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে মহিলা জামায়াতের ১০ নেতা কর্মী আটক, সাংগাঠনিক বই জব্দ

সরকার বিরোধী গোপন বৈঠক চলাকালিন সময়ে সাংগাঠনিক বই পুস্তকসহ জামায়াতের ১০ নারী নেতা কর্মীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে আজ মঙ্গলবার (১১ অক্টোবর) বেলা সাড়ে ১১ টার সময় মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের হজরত আলীর বাড়িতে গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

আটকরা হলেন, নাজিরাকোনা গ্রামের ইলিয়াস হোসেনের স্ত্রেী ডলি খাতুন (৩০), শহিদুল ইসলামের স্ত্রী শাহিদা বেগম (৬০), আঙ্গুর আলীর স্ত্রী সানোয়ারা খাতুন (৩৫), জুলফিকার আলীর স্ত্রী নিলুফা খাতুন (৩৫), মিনারুল ইসলামের স্ত্রী রোকসানা খাতুন (৩২), হজরত আলীর স্ত্রী শেফালী খাতুন (৩৫), মনিরুল ইসলামের স্ত্রী বেদেনা খাতুন (৩৫), রবিউল ইসলামের স্ত্রী তানিয়া খাতুন (২৫), রফিকুল ইসলামের স্ত্রী রুমিয়া খাতুন (৩০) ও আরিফুল ইসলামের স্ত্রী সুরাইয়া খাতুন (২০)।

এসময় তাদের কাছ থেকে পবিত্র সীরাতন্নবী (স) উপলক্ষে বাংলাাদেশ

জামায়াত ইসলামীর আহবান, দ্বীন ইসলামের ১৫ গুরুত্বপূর্ণ বিষয়ে সঠিক ধারণা, ইমানের হাকীকত, নামায-রোজার হাকীকত, তাফহীমুল কুরআন, আদর্শ মানব মুহাম্মদ (সা)কুরআন ও হাদীসের আলোকে রাসুল মুহাম্মদ স. দ্বীন প্রতিষ্ঠায় মহিলাদের দায়িত্ব,বিষয় ভিত্তিক কোরআন ও হাদীস, ইসলামী সংগঠন, ইসলামী আন্দোলন, জামায়াত এবং জামায়াত নেতৃবৃন্দের বিরুদ্ধে ষড়যন্ত্র, এসো শিবির করি, ইসলামী ছাত্রী সংস্থ্যাসহ ২৩ বিভিন্ন বই জব্দ করা হয়েছে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, আটক জামায়াতের নারী নেতা কর্মিরা সরকার সমন্ধে বিদ্বেষ বিতৃষ্ণা ও মিথ্যা রটনা ছড়িয়ে নাশকতকা সৃষ্টিসহ জনগণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে আইনশংখলার অবনতি করার লক্ষে অজ্ঞাতনামা ১৫/২০ জন নারী সরকার বিরোধী সন্ত্রাস ও নাশকতা কার্যকলাপ করার উদ্যেশ্যে পরিকল্পনা ও মিটিং করছিল।

আটকদের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯(সংশোধনী) ২০১৩ এর ৬/৭/১০ ধারায় মামলা করা হয়েছে। মামলায় এজাহার নামীয় ১০ জন ও অজ্ঞাতনামা আরো ১০/১২ জনকে আসামি করা হয়েছে।

আটক নারী নেতা কর্মীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে বলে জানান ওসি মেহেদী রাসেল।

মুজিবনগরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৫ বোতল ভারতীয় ফেনসিডিল সহ শিমুল রানা(২২)নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার রাত সাড়ে ৯ টার দিকে গোপন সাংবাদে ভিত্তিতে তার বাড়িতে অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ী শিমুলকে আটক করে পুলিশ।

এ সময় তার স্বীকারোক্তিতে তার নিজের রান্না ঘরের ভিতরে বস্তার

মধ্যে লুকিয়ে রাখা অবস্থায় ২৫ বোতল ফেনসিডিল উদ্ধার করে পুলিশ। আটক মাদক ব্যবসায়ী শিমুল মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের দারিয়াপুর গ্রামের ঘোষপাড়ার রহিদুল ইসলামের ছেলে।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে গোপন সংবাদের উপর ভিত্তি করে মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) মেহেদী রাসেলের নির্দেশে ও নেতৃত্বে এসআই সাহেব আলী, এসআই সাইদুর রহমান, এস আই সেকেন্দার আলী এবং এ এস আই শিহাব উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স এই অভিযান পরিচালনা করেন।

ওসি মেহেদি রাসেল জানান মাদকবিরোধী অভিযানে সোমবার রাত সাড়ে নটার দিকে অভিযান চালিয়ে শিমুল নামের এক মাদক ব্যবসায়ীকে ২৫ বোতল ভারতীয় ফেনসিডিল সহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মঙ্গলবার বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

মুজিবনগর আম্রকাননে ব্যাক্তিগত উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী

“গাছ লাগান পরিবেশ বাঁচান” মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত ঐতিহাসিক মুজিবনগর আম্রকাননকে বাঁচিয়ে রাখার প্রত্যয়ে মরহুম বীর মুক্তিযোদ্ধা দাউদ শেখ এর পুত্র বৃক্ষ প্রেমিক জহির শেখ প্রতি বছরের ন্যায় এবছরেও ঐতিহাসিক মুজিবনগর।

আম্রকাননে মরে যাওয়া গাছের স্হানে এবং পরিত্যেক্ত জায়গায় ব্যাক্তিগত উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা লুৎফুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ বৃক্ষ রোপন কর্মসূচির উদ্বোধন করেন,

এ সময় বিশিষ্ট সমাজসেবক ও যুবনেতা হাসানুজ্জামান লালটু, মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য ডালিম এবং উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিবছরের ন্যায় এ বছরেও

নিজস্ব অর্থায়নে ও ব্যক্তিগত উদ্যোগে জহির শেখ ৪০টি হিমসাগর আমের চারা রোপন করবেন। তিনি রোপিত গাছগুলোকে বাঁচিয়ে রাখার জন্য সকল শ্রেণী পেশার মানুষের কাছে বিনীত অনুরোধ ও সহযোগীতা কামনা করেন।